তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কৃষির চলমান উন্নয়ন ধারা অব্যহত রাখার মাধ্যমে দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য সরবরাহ নিশ্চিতকরণ, গ্রামীণ জনগোষ্ঠীর আয়বৃদ্ধিকরণসহ কর্মসংস্থানের সৃষ্টি এবং দেশের প্রাকৃতিক পরিবেশ সুরক্ষায় বদ্ধ পরিকর। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দেশের সর্ববৃহৎ সম্প্রসারণ সেবা প্রদানকারী সংস্থা। দেশের সকল আবাদযোগ্য জমির উৎপাদনশীলতা বৃদ্ধিসহ এর সঠিক ও টেকসই ব্যবহারই কৃষি উন্নয়নের মূল চালিকাশক্তি যা কৃষকগণের উপর নির্ভরশীল কেননা তারাই শস্য, প্রাণিসম্পদ, মৎস্য ও বৃক্ষের পরিচর্যাকরণসহ ফসল, প্রযুক্তি, উপকরণ ও বাজারজাতকরণের মাত্রা চুড়ান্তভাবে নির্বাচন করে থাকেন। তাই, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কৃষি মন্ত্রণালয় তথা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত কৃষি সম্প্রসারণ সংশ্লিষ্ট নীতিমালাসমূহের আলোকে সংস্থার কর্মপন্থা নির্ধারণ করে থাকে।

কৃষি সম্প্রসারণ **অধিদপ্তরের ভিশন ও মিশন**

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ভিশন (রুপকল্প)

”ফসলের টেকসই ও লাভজনক উৎপাদন”

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মিশন (অভিলক্ষ্য)

”টেকসই ও লাভজনক ফসল উৎপাদন বৃদ্ধি নিশ্চিত করণের লক্ষ্যে দক্ষ, ফলপ্রসূ, বিকেন্দ্রীকৃত, এলাকানির্ভর, চাহিদাভিত্তিক এবং সমন্বিত কৃষি সম্পসারণ সেবা প্রদানের মাধ্যমে সকল শ্রেণির কৃষকের প্রযুক্তি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ”

প্রশাসন ও অর্থ উইং

এ উইং এর কাজ হচ্ছে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করা, বরাদ্দকৃত অর্থের ব্যয় সংক্রান্ত হিসাব ও নিরীক্ষা নিশ্চিত করা ও নথিপত্র সংরক্ষণ। একজন পরিচালক এ উইং এর দায়িত্বে আছেন।

এ উইং এর প্রধান দায়িত্বগুলো হলোঃ

- ◉ সকল উইং এর বার্ষিক রাজস্ব বাজেট তৈরির কাজ সমন্বয় করা;
- ◉ মাঠ পর্যায়ের সকল অফিসসহ অত্র অধিদপ্তরের সকল প্রকার রাজস্বের হিসাব ও এর প্রতিবেদন রক্ষণাবেক্ষণ করা;
- ◉ বর্তমানে প্রচলিত সরকারি নিয়ম ও বিধি অনুযায়ী বিভাগীয় সকল রাজস্ব ও প্রকল্প হিসাবের নিরীক্ষণ নিশ্চিত করা;
- ◉ বার্ষিক উন্নয়ন বাজেটের পরিমাণ প্রকল্প ছকে গ্রহণ করা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সেগুলো পুর্নবিন্যাস করার জন্য পরিকল্পনা ও মূল্যায়ন উইংকে উপদেশ প্রদান করা;
- ◉ ডিএই এর ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশ অনুযায়ী জনবল নিয়োগ ও বদলীর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা; ডিএই এর জনবলের হালনাগাদ রেকর্ড রক্ষণাবেক্ষণ করা;
- ◉ দ্রব্যসামগ্রী সময়মতো সংগ্রহ, সরবরাহ, ঠিক মতো সংরক্ষণ ও হস্তান্তরের ব্যবস্থা করা এবং অফিসের জন্য সকল প্রকার সরবরাহ, গুদামজাতকৃত দ্রব্য, যন্ত্রপাতি ও সম্পত্তির রেকর্ড রক্ষণাবেক্ষণ করা;
- ◉ ডিএই এর কর্মকর্তা/ কর্মচারীদের সরকারি বিধান মোতাবেক আর্থিক ও প্রশাসনিক জটিলতা ও সমস্যা সমাধানের ব্যবস্থা করা;
- ◉ ডিএই এর জনবলের (অফিসার ও কর্মচারী) কাজ কর্মের মূল্যায়ন করা এবং তার ভিত্তিতে পুরষ্কার/ তিরস্কারের সুনিশ্চিত করা;
- ◉ ডিএই এর ব্যবস্থাপনা কমিটির সকল কাজকর্মে সহায়তা প্রদান করা।

কল্যাণ কর্মকর্তা: অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও সাপোর্ট সার্ভিসেস), adadmin@dae.gov.bd, +৮৮ ০২ ৯১৩০৯২৮

সরেজমিন উইং

ডিএই’ র কর্মকান্ডের মুল কেন্দ্রবিন্দুই হলো সরেজমিন উইং। ডিএই’ তে কর্মরত প্রায় ২৫ হাজার কর্মকর্তা/কর্মচারীর মধ্যে প্রায় ২১ হাজার কর্মকর্তা/কর্মচারী এ উইংয়ে কর্মরত। একজন পরিচালক উইং এর দায়িত্বে আছেন। মাঠ পর্যায়ে বার্ষিক কৃষি সম্প্রসারণ কর্মপরিকলনা প্রণয়ন, বাস্তবায়ন, মনিটরিং ও মূল্যায়ন করা এ উইং-এর মূল কাজ। এছাড়াও কৃষি পুনর্বাসন কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন, উপকরণের চাহিদা নিরূপন, বরাদ্দ ও মনিটরিং এবং মাঠের কার্যক্রম তদারকী করা। সম্প্রসারণ সেবা প্রদানকারী অন্যান্য সংস্থার সাথে সমন্বয় সাধন, বার্ষিক রাজস্ব বাজেট প্রণয়ন এবং গবেষণা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত তথ্য সমূহ সম্প্রসারণ বার্তা হিসেবে রূপান্তর করে মাঠ পর্যায়ে সম্প্রসারণ করা। এ ছাড়া ১৪টি অঞ্চল (ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, ফরিদপুর, খুলনা, কুষ্টিয়া, রাজশাহী, বগুড়া, রংপুর, দিনাজপুর, চট্টগ্রাম, রাঙ্গামাটি, কুমিল্লা ও সিলেট), ৬৪টি জেলা, ৪৮৫টি উপজেলা ও ১২৬৪০টি ব্লকের সম্প্রসারণ কার্যক্রমের তদারকি এ উইং এর মাধ্যমে করা হয় ।

সরেজমিন উইং এর প্রধান দায়িত্বগুলো হলোঃ

◉ অতিরিক্ত পরিচালক (অঞ্চল) এবং উপপরিচালক (জেলা) এর সহযোগিতায়, থানা কৃষি অফিসারদের প্রাথমিক ব্যবস্থাপনায় কৃষকদের চাহিদানুযায়ী ৪৮৫টি থানার বার্ষিক সম্প্রসারণ কর্মসূচিসমূহের পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন করা;

◉ পরিকল্পনা ও মূল্যায়ন উইং হতে প্রদত্ত পূর্ববর্তী বৎসরের সম্প্রসারণ কর্মসূচিসমূহের মূল্যায়ন প্রতিবেদন, ডিএই হতে প্রণীত শস্য উন্নয়ন ও উদ্ভিদ সংরক্ষণ নীতিসহ সরকারের সংশ্লিষ্ট কৃষি ও কৃষি সম্প্রসারণ নীতির আলোকে সার্বিক কৃষি সম্প্রসারণ নীতি প্রণয়ন করা;

◉ সম্প্রসারণ নীতি বাস্তবায়ন সমন্বয় কমিটি (EPICC), কৃষি কারিগরি কমিটি (ATC), জেলা সম্প্রসারণ পরিকল্পনা কমিটি (DEPC), থানা পরিকল্পনা কর্মশালা (TPW) এবং থানা কৃষি সম্প্রসারণ সমন্বয় কমিটি (TAECC) এর মাধ্যমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, অন্যান্য সম্প্রসারণ সেবা প্রদানকারী সংস্থা এবং গবেষণা প্রতিষ্ঠানসমূহের মধ্যে সম্প্রসারণ নীতি ও পরিকল্পনার সমন্বয় সাধন করা;

◉ উইং ও মাঠ পর্যায়ের কর্মকান্ডের জন্য পর্যাপ্ত পরিমাণের রাজস্ব ও উন্নয়ন বাজেট প্রণয়ন এবং মাঠ পর্যায়ের অফিসের কর্মচারীদেরকে প্রদত্ত অর্থ ব্যয়ের ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা;

◉ কৃষি গবেষণা প্রতিষ্ঠানসমূহের গবেষণা কার্যক্রম বিশেষ করে ডিএই কর্তৃক অর্থ প্রদানকৃত গবেষণা কর্মসূচিগুলো যেন কৃষক এবং কর্মচারীবৃন্দ কর্তৃক চিহ্নিত কৃষকদের চাহিদা পূরণ করে তা নিশ্চিত করা;

◉ কৃষি গবেষণা প্রতিষ্ঠান, ব্যবসায়ী প্রতিষ্ঠান ও বর্হিবিশ্ব থেকে প্রাপ্ত তথ্য সম্প্রসারণ বার্তায় রুপান্তর, তারপর সেগুলো মিডিয়া সেল ও প্রশিক্ষণ উইং কর্তৃক প্রস্ত্ততকৃত প্রশিক্ষণ সামগ্রী ও প্রশিক্ষণসূচির মাধ্যমে বিস্তার ঘটানোর জন্য ডিএই এর সার্বিক প্রক্রিয়ার সমন্বয় করা;

◉ ডিএই এর অন্যান্য কারিগরি উইং এর আওতা বর্হিভূত যে কারিগরি বিষয়গুলো, বিশেষভাবে মৃত্তিকা, সার, বীজ, খামার অর্থনীতি এবং বাজারজাতকরণ বিষয়ে সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান ও অন্যান্য উৎস হতে প্রাপ্ত তথ্য সম্প্রসারণ বার্তা ও তথ্য প্যাকেজে রুপান্তরের কাজ দেখাশোনা করা;

◉ মাঠ সেবার পরিবীক্ষণ ও মূল্যায়নের উপাত্ত, শস্য উৎপাদন, বাজারদর এবং কৃষকদের নিকট উপকরণ প্রাপ্যতার তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের জন্য পরিকল্পনা ও মূল্যায়ন উইং এর সাথে যোগাযোগ রক্ষা করা;

ক্রপস উইং

ক্রপস উইং দানাদার, ডাল, তৈলবীজ, পাট, আখ, তামাক, পান, বাঁশ ইত্যাদি ফসলের উন্নয়নে কাজ করে। এই উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এর পক্ষ থকে সংশ্লিষ্ট ফসলের গবেষণা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে গুরুত্বপুর্ণ উন্নত প্রযুক্তি কৃষকদের মাঝে বিতরণের জন্য কাজ করে। উৎপাদন বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন করে কৃষকের আয় বৃদ্ধি করে, ফসলভিত্তিক প্রশিণের মাধ্যমে সুবিধাভোগীদের জন্য সর্বশেষ উৎপাদন প্রযুক্তি সহজলভ্য করে। এই উইং বিভিন্ন ফসল উৎপাদনে সরকারের নীতিমালাকে যেমন, উৎপাদন, ব্যবহার, বাজারজাতকরণ ও বিতরণ কর্মকান্ডকে সহজীকরণ করে। এই উইং একজন পরিচালক দ্বারা পরিচালিত এবং ২ জন অতিরিক্ত পরিচালক, ৪ জন উপ-পরিচালক, একজন প্রধান বালাই ব্যবস্থাপনা বিশেষজ্ঞ এবং ৪ জন অতিরিক্ত উপ-পরিচালক আছেন এবং তাঁকে সকল কার্যক্রমে সহযোগীতা করেন। সংশ্লিষ্ট ফসল উৎপাদনের জন্য মহাপরিচালক মহোদয়কে প্রয়োজনীয় কারিগরি সহযোগীতা প্রদান করে এবং জেলা পর্যায়ে উপ-পরিচালকদের মাধ্যমে বিশেষজ্ঞ কর্মকর্তাদেরকে নির্দেশনা প্রদান করে। মহাপরিচালক এবং সরকারকে শুল্ক এবং অন্যান্য নীতিনিরধারণী বিষয়, যেমন- সংশ্লিষ্ট ফসলের উৎপাদন, ব্যবহার, বিতরণ ও বাজারজাতকরণের কারিগরি পরামর্শ প্রদান করে। এই উইং থেকে সর্বশেষ ফসল উৎপাদন প্রযুক্তি সম্প্রসারণ বার্তায় পরিবর্তণ করে এবং জনশক্তি প্রশিক্ষণে লাগসই নমুনা তৈরি করে এবং মাঠ পর্যায়ে আয় বৃদ্ধির জন্য সহজ ব্যবহারযোগ্য মডেল কর্মসুচি তৈরি করে।

প্রধান কার্যাবলী:

- তথ্য সংগ্রহ ও প্রযুক্তি বিস্তারের জন্য ‘ফসল উৎপাদন কৌশল উন্নয়নের জাতীয় কৃষি কারিগরি সমন্বয় কমিটির (NATCC) এর মাধ্যমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান, শিল্প প্রতিষ্ঠান ও অফিসসমূহের মধ্যে ফসলের প্রযুক্তি উন্নয়ন ও কারীগরী লিয়াজো রক্ষার প্রধান সংযোগ কেন্দ্র হিসেবে কাজ করে।
- দানাদার, তেলজাতীয়, ডালজাতীয় ও অর্থকরী বিভিন্ন ফসলের উৎপাদন সম্পর্কিত সুনির্দিষ্ট কৃষিনীতিসমুহের উন্নয়ন করে থাকে।
- মহাপরিচালক মহোদয়কে জনবল সহায়তা প্রদান করে এবং পরিচালক সরেজমিনকে বিষয়ভিত্তক সহায়তা প্রদান করে।
- সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের কাছ থেকে সবোর্চ্চ কাজের মান নিশ্চিত করতে বিশেষজ্ঞদের সাথে ফোকাল পয়েন্ট নিয়োগ করে।
- নিবিড় শস্য উৎপাদন কর্মসূচি, সম্প্রসারণ পদ্ধতি উন্নয়ন এবং সেগুলো সম্প্রসারণ কার্যক্রমের মাধ্যমে মাঠে খাপখাওয়ানোর কাজ করে।
- জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট ফসলের প্রয়োজন ও চাহিদা সম্পর্কে পরিকল্পনা ও মনিটর করে সরকারকে সহযোগীতা করে।
- মাঠ পর্যায়ে বাস্তবায়নের নিমিত্তে কর্মসংস্থানমূলক নমুনা কর্মসুচিসমুহ প্রণয়নের কাজ তত্ত্বধান করে।
- বিশেষজ্ঞদের পারদর্শিকতা সুনিশ্চিত করে সংশ্লিষ্ট বিষয় মাঠ পর্যয়ে উন্নয়নের জন্য সহায়তা প্রদান করে।

হর্টিকালচার উইং

দেশের ১৬ কোটি মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরন ও পুষ্টি সমস্যা সমাধান, মানব সম্পদ উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র দূরীকরণ, নারীর ক্ষমতায়ন, জলবায়ুর বিরূপ প্রভাব মোকাবেলায় লাগসই প্রযুক্তি প্রয়োগ, পরিবেশ বান্ধব কৃষি, উচ্চ মূল্য ফসল উৎপাদন ও রপ্তানীমুখী কৃষি পন্য উৎপাদনে কৃষক ও উদ্যোক্তাদের চাহিদামাফিক সেবা প্রদানের লক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রনালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হর্টিকালচার উইং সুনির্দিষ্ট কর্মপকিল্পনা নিয়ে কাজ করে যাচ্ছে। ঢাকাস্থ খামারবাড়ি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সদর দপ্তরের মধ্য বিল্ডিং এর দ্বিতীয় তলায় এর দপ্তর। একজন পরিচালকের নিয়ন্ত্রণে এ উইং পরিচালিত হচ্ছে। সদর দপ্তরে একজন অতিরিক্ত পরিচালক, দুই জন উপ-পরিচালক, দুই জন অতিরিক্ত উপ-পরিচালক, একজন উদ্যানতত্ত্ববিদ, একজন সহকারী উদ্যানতত্ত্ববিদ এবং একজন গবেষণা কর্মকর্তা কারিগরী ও দাপ্তরিক কাজে পরিচালককে সহায়তা প্রদান করছেন।

উদ্যান ফসল সম্প্রসারণ, মাতৃবাগান সৃজন, জার্মপ্লাজম সংরক্ষণ এবং মান সম্পন্ন বীজ, চারা, কলম উৎপাদন এবং সুলভ মূল্যে সরবরাহের জন্য দেশের বিভিন্ন জেলায় ৭৩ টি হর্টিকালচার সেন্টারের মাধ্যমে হর্টিকালচার উইং এর মাঠ পর্যায়ের কার্যক্রম পরিচালিত হচ্ছে। এসকল হর্টিকালচার সেন্টারের সুষ্ঠ পরিচালনার জন্য ২৮ টি হর্টিকালচার সেন্টারকে ক্যাটাগরী-১ এ অন্তর্ভুক্ত করে ২৮ জন উপ-পরিচালক, ২৫ টি হর্টিকালচার সেন্টারকে ক্যাটাগরী-২ এ অন্তর্ভুক্ত করে ২৫ জন উদ্যানতত্ত্ববিদ ও ২০ টি হর্টিকালচার সেন্টারকে ক্যাটাগরী-৩ এ অন্তর্ভুক্ত করে ২০ জন নার্সারী তত্তবাবধায়কের মাধ্যমে উদ্যান ফসলের সম্প্রসারণ সেবা প্রদান করা হচ্ছে। এ উইং এর মাধ্যমে দেশে মাশরুম চাষ প্রযুক্তি সম্প্রসারণ ও মাশরুমের গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য একজন উপ-পরিচালকের তত্বাবধানে সাভারে একটি আধুনিক গবেষণাগারসহ স্বয়ংসম্পূর্ন মাশরুম উন্নয়ন ইনস্টিটিউট পরিচালিত হচ্ছে।

হর্টিকালচার উইং এর প্রধান দায়িত্বগুলো হলোঃ

হর্টিকালচার সেন্টার পরিচালনা ও সেবা প্রদানঃ

- হর্টিকালচার সেন্টারসমূহের অন্যতম প্রধান কাজ হলো প্রতি বছর ফল, ফুল, কন্দাল, সবজী ও ঔষধী গাছের মানসম্মত চারা ও কলম উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারন ও তা বাসত্মবায়ন করে সুলভ মূল্যে বিক্রয় করা।
- দেশ বিদেশের গবেষনা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত ফল, ফুল, কন্দাল ও সবজীর জাত সমূহ সংগ্রহ করে। সে জাত গুলোর এদেশের মাটি ও আবহাওয়া উপযোগীতা যাচাই করে। উপযোগী জাত সমূহ দ্বারা মাতৃবাগান সৃজন করা এবং সেগুলো রক্ষণাবেক্ষণ করা।
- এছাড়াও দেশের বিভিন্ন স্থানে ছড়িয়ে ছিটিয়ে থাকা বিশেষ বৈশিষ্টসম্পন্ন (আগাম, নাবী ও বারমাসি) বিভিন্ন ফলের গাছ মাতৃ বৃক্ষ হিসেবে চিহ্নিত করে সেখান থেকে সায়ন সংগ্রহ করে কলম তৈরী ও ঐসব জাতের সংরক্ষণ ও সম্প্রসারণের ব্যবস্থা করা।

উদ্যান ফসলের লক্ষ্যমাত্রা ও উৎপাদন কৌশল নির্ধারণঃ

বিভিন্ন উদ্যান ফসলের উৎপাদন লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন কৌশল নির্ধারণ করাঃ অত্র উইং এর আওতায় সারা দেশের সকল জনগোষ্ঠীর খাদ্য ও পুষ্টি চাহিদা পূরণ, কর্মসংস্থান, পরিবেশের ভারসাম্য রক্ষা, জলবায়ুর প্রভাবমুক্ত রাখা, রপ্তানীর মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনের লক্ষ্যে রপ্তানীযোগ্য কৃষিজাত পণ্য উৎপাদন এবং সর্বোপরি নতুন নতুন শিল্প সৃষ্টির লক্ষ্যে সারাদেশের জন্য প্রতিবছর সকল প্রকারের কৃষিজাত ফসলের উৎপাদন লক্ষ্যমাত্রা প্রণয়ন ও বাস্তবায়ন করা এবং এই সেক্টরে সরকারের ভর্তুকী/ প্রনোদনা সহায়তায় বিভিন্ন কৃষিজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি করা। বিশেষতঃ

বাংলাদেশে ফল ও ফুলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি করা

শাকসব্জী, মশলা ও কন্দাল ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি করা

ফলমেলার আয়োজন ও ফলবৃক্ষ রোপনঃ

- ✓ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর প্রতি বৎসর জুন মাসে এ উইং এর মাধ্যমে দেশব্যাপী ফলদ বৃক্ষ রোপন পক্ষ উদযাপন করে থাকে। এ উপলক্ষে জাতীয়, জেলা ও উপজেলা পর্যায়ে ফলমেলার অয়োজন করা হয়। ঐসব মেলায় দেশের বিভিন্ন স্থানে উৎপাদিত প্রচলিত ও অপ্রচলিত ফল প্রদর্শনের মাধ্যমে এ সব ফল চাষাবাদে জনসাধারণ ও কৃষকদের উদ্বুদ্ধ করা হয় এবং কৃষক পর্যায়ে ও শিক্ষাপ্রতিষ্ঠানে বিনামূল্যে ফলের চারা সরবরাহ করা হয়ে থাকে। ফলদ ও ঔষধি বৃক্ষ রোপনে বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ কৃষক ও শিক্ষা প্রতিষ্ঠানকে পুরস্কৃত করা হয়ে থাকে।

দেশী ফলের পরিচিতি বাড়ানো ও বার মাস ফল প্রাপ্যতার কৌশল নির্ধারণ

বানিজ্যিক নার্সারী স্থাপনে সহযোগিতা

নতুন ফল বাগান সৃজন ও বাগান ব্যবস্থাপনা

বাংলাদেশে উদ্যান ফসল উৎপাদনের সমস্যাবলীর সমাধান প্রদান

উদ্ভিদ সংরক্ষণ উইং

একজন পরিচালক উইং এর দায়িত্বে আছেন। এ উইং এর মাধ্যমে সারাদেশে আবাদকৃত ফসল ও ফলমূলের ক্ষতিকারক রোগবালাই থেকে ফসলকে রক্ষা করার জন্য বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, রোগবালাই দ্বারা ফসল আক্রান্ত হলে ফসল রক্ষার জন্য তাৎক্ষনিকভাবে সঠিক কারিগরী পরামর্শদান ও সঠিক দমন ব্যবস্থা গ্রহণে মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের মাধ্যমে কৃষককে সহায়তা দান, সমন্বিত বালাই ব্যবস্হাপনার মাধ্যমে ফসল উৎপাদন কলাকৌশল নিরুপন, রোগ বালাই সম্পর্কে জরিপ ও আগাম ব্যবস্থা গ্রহণে কৃষককে সতর্ক করা। এছাড়াও মাঠ ফসলে ও জনস্বাস্থে ব্যবহৃত বিভিন্ন ধরণের বালাইনাশকের নিবন্ধন, উৎপাদন ও বিপণনে লাইসেন্স প্রদান এবং বালাইনাশকের মান-নিয়ন্ত্রনে ও বিধিবদ্ধ ব্যবহারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে এ উইং এর প্রধান কাজ। বিভিন্ন যৌথ ধারণা ও বিষয়ে জাতীয়, আন্তর্জাতিক, এনজিও ও বেসরকারী প্রতিষ্ঠানের সাথে যোথাযোগ রক্ষা করা।

উদ্ভিদ সংরক্ষণ উইং এর প্রধান দায়িত্বগুলো হলোঃ

- রোগবালাই আক্রমণের বর্তমান ঘটনা জরিপ ও ক্ষয়ক্ষতি নিরুপণ এবং এগুলোর বড় ধরণের প্রাদুর্ভাব ঘটলে তা দমনের জন্য প্রয়োজনবোধে জাতীয় কার্যক্রম পরিকল্পনার সুপারিশ প্রদান করা;
- রোগবালাই প্রাদুর্ভাবের আগাম সতর্কীকরণ এবং জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য একটি ফলপ্রসু ও কার্যকর কৌশল নির্ধারণসহ প্রয়োজনবোধে প্রস্তুতি ও প্রতিরোধমূলক কার্যক্রম সুপারিশ করা;
- সমন্বিত বালাই ব্যবস্হাপনার মাধ্যমে ফসল উৎপাদনের ক্ষেত্রে প্রয়োজনীয় দিক নির্দেশনা, আধুনিক কলাকৌশল ও প্রযুক্তি মাঠ পর্যায়ে বিস্তার করা;
- কৃষক প্রশিক্ষণের মাধ্যমে সমন্বিত বালাই ব্যবস্হাপনার বিষয়ে উদ্বদ্ধকরণ, উপকারী পোকা-মাকড় সংরক্ষণ এবং সর্বপরী বালাইনাশকের ব্যবহার কমানো;
- সকল প্রকার বালাইনাশকের রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান ও নবায়ন সহ সকল ধরণের লাইসেন্স (আমদানী, পাইকারী, রি-প্যাকিং, ফরমুলেশন, বিজ্ঞাপনী ইত্যাদী) প্রদান ও নবায়ন করা;
- কীটনাশকের মান নিরুপণের প্রক্রিয়া দেখাশোনা এবং এর উৎপাদন, বিক্রয় ও ব্যবহার নিয়ন্ত্রণ করা;
- কীটনাশক ব্যবহারের পরিবেশগত প্রভাব নিরুপণ ও পরিবীক্ষণ করা এবং পরিবেশ রক্ষার কাজ উন্নয়নের জন্য যথাযথ কার্যক্রম ও নীতিমালার সুপারিশ প্রদান করা;
- কৃষকদের স্থানীয় চাহিদা অনুযায়ী ব্যবহার ও বিস্তারের জন্য উদ্ভিদ সংরক্ষণ, বালাই ব্যবস্থাপনা ও কিটনাশকের মান সম্পর্কে গবেষণা ও অন্যান্য উৎস থেকে প্রাপ্ত তথ্য সম্প্রসারণ বার্তা ও তথ্য প্যাকেজে রুপান্তরের কাজ তত্ত্বাবধান করা;
- উদ্ভিদ সংরক্ষণ, বালাই ব্যবস্থাপনা সংক্রান্ত সমস্যার ওপর মাঠ পর্যায় থেকে (জেলা বিশেষজ্ঞগণ ও বিভিন্ন কৃষি কারিগরি কমিটি থেকে) কারিগরি উপদেশের জন্য অনুরোধ আসলে তা গ্রহণ করে সে অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করা;
- উদ্ভিদ সংরক্ষণের সাথে সংশ্লিষ্ট বিষয় যেমন, রোগবালাই এর অতন্দ্র জরিপ সম্পর্কিত সকল ধরনের কাজ, প্রতিরোধ ও দমন ব্যবস্থা গ্রহণ, উদ্ভিদ সংরক্ষণ কার্যক্রমে স্থানীয় সংস্থাগুলোকে সনাক্তকরণ, কিটনাশকের উৎপাদন ও সরবরাহ ইত্যাদির জন্য সুনির্দিষ্ট কৃষি নীতিমালা প্রণয়ন করা;
- কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠানসমূহের মধ্যে প্রধান যোগসূত্র হিসেবে কাজ করা, বালাই ব্যবস্থাপনা ও উদ্ভিদ সংরক্ষণের উপায় অনুসন্ধান করা, গবেষণার ফলাফল এবং বর্হিবিশ্ব ও বেসরকারি সংস্থা থেকে বালাই ব্যবস্থাপনার নতুন প্রযুক্তির ওপর তথ্য সংগ্রহ করা।

উদ্ভিদ সংগনিরোধ উইং

উদ্ভিদ সংগনিরোধ উইং কৃষি সম্প্রসারন অধিদপ্তর এর একটি গুরুত্বপূর্ন অংগ। বিশ্ব বানিজ্য সংস্থা (WTO)-য় স্বাক্ষরকারী দেশ হিসাবে বাংলাদেশকে আন্তর্জাতিক বানিজ্যে টিকে থাকতে WTO-SPS (Sanitary and Phytosanitary Measures) Agreement অনুযায়ী উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালনা করা উদ্ভিদ সংগনিরোধ উইং এর জন্য বাধ্যতামূলক । বাংলাদেশের কৃষিকে রক্ষার জন্য উদ্ভিদ সংগনিরোধ উইং আমদানিকৃত উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য, উপকারী জীবাণু এবং প্যাকিং ম্যাটেরিয়াল এর সাথে পরিবাহিত হয়ে যাতে বিদেশী পোকামাকড় ও রোগবালাই দেশে প্রবেশ করতে না পারে, সে বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহন ও ঝুঁকিমুক্ত আমদানি নিশ্চিতকরন এবং আন্তর্জাতিক বিধি-বিধান অনুসরনপূর্বক বিদেশে উদ্ভিদ ও উদ্ভিদজাত পন্য রপ্তানির মাধ্যমে রপ্তানি কার্যক্রম বৃদ্ধি ও গতিশীল করে আসছে। বাংলাদেশের উদ্ভিদ সংগনিরোধ কার্যক্রম আন্তর্জাতিক মানে উন্নীতকরণের লক্ষ্যেই ই-ফাইটোসেনেটারী সার্টিফিকেট পদ্ধতি প্রবর্তন এবং দেশের সকল সংগনিরোধ কেন্দ্রের ল্যাবরেটরী আধুনিকীকরণের কাজ এ উইং এর পর্যবেক্ষণে চলছে। মোদ্দাকথা হচ্ছে উদ্ভিদ সংগনিরোধ আইন-২০১১ এর বাস্তবায়নই উদ্ভিদ সংগনিরোধ উইং এর মূল লক্ষ্য।

উদ্ভিদ সংগনিরোধ উইং এর প্রধান দায়িত্বগুলো হলোঃ

- অন্য দেশ হতে বাংলাদেশে সংগনিরোধ বালাই এর অনুপ্রবেশ রোধের লক্ষ্যে উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি, উপকারী জীবাণু ও প্যাকিং দ্রব্যাদির আমদানি নিয়ন্ত্রণ করা;
- আন্তর্জাতিক চুক্তিসমূহের সহিত সঙ্গতি রেখে আমদানিকারী দেশের উদ্ভিদ স্বাস্থ্যসুরক্ষা চাহিদা মোতাবেক উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি, বালাই, উপকারী জীবাণু ও প্যাকিং দ্রব্যাদির রপ্তানি নিয়ন্ত্রণ করা;
- আন্তর্জাতিক পরিবহণে রয়েছে এমন উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি, উপকারী জীবাণু এবং প্যাকিং দ্রব্যাদির কনসাইনমেন্ট, যা প্রাসঙ্গিকভাবে বালাই এর বাহন হিসাবে ব্যবহৃত হতে পারে, তা পরিদর্শন ও তত্ত্বাবধান করা;
- বালাই এর প্রাদুর্ভাব এবং বিস্তার রোধের লক্ষ্যে বর্ধনশীল উদ্ভিদ, আবাদকৃত এলাকা, গুদামজাত অথবা ট্রানজিটরত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি পরিদর্শন এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;
- আমদানিকারী দেশের উদিভদ স্বাস্থ্যসুরক্ষা চাহিদা অনুযায়ী উদ্ভিদস্বাস্থ্য সনদপত্র প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
- উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির কনসাইনমেন্ট ও এদের কনটেইনার, প্যাকিং দ্রব্যাদি, সংরক্ষণ স্থান অথবা বাহন বালাই আক্রমণমুক্ত বা সংক্রমণমুক্ত করার নিমিত্ত শোধন কার্যক্রম পরিচালনা;
- উপকারী জীবাণুর প্রবর্তন নিয়ন্ত্রণ করা;
- কোন একটি সংক্রমিত এলাকাকে ‘‘নিয়ন্ত্রিত এলাকা’ ’ হিসাবে ঘোষণা করা;
- উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির প্রবেশোত্তর সংগনিরোধ (post-entry quarantine) কার্যক্রম পরিচালনা এবং উদ্ভিদ স্বাস্থ্যসুরক্ষা ব্যবস্থাদি বাসত্মবায়ন করা;
- বালাই ঝুঁকি বিশ্লেষণ (pest risk analysis) এবং বালাই ঝুঁকি ব্যবস্থাপনা (pest risk management) কার্যক্রম পরিচালনা;
- উদ্ভিদ স্বাস্থ্যসুরক্ষা ব্যবস্থাদি হালনাগাদ এবং সমন্বয় (harmonization) করার উদ্দেশ্যে বাংলাদেশে আমদানি নিষিদ্ধ বা শর্তারোপকৃত (restricted) উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদি, বালাই ও উপকারী জীবাণুর তালিকা নিয়মিত পর্যালোচনা এবং হালনাগাদ করা;
- বিভিন্ন স্বীকৃত আন্তর্জাতিক, আঞ্চলিক অথবা অন্যান্য জাতীয় উদ্ভিদ সংরক্ষণ সংস্থার সাথে কারিগরি তথ্য, মতামত ও প্রতিবেদন বিনিময় এবং উদ্ভিদ সংরক্ষণ ও সংগনিরোধ বিষয়ে সর্বশেষ উন্নয়ন সম্পর্কে অবহিত থাকা;
- নির্দিষ্ট বালাই এর ডায়াগনোসিস, সনাক্তকরণ এবং পরিচিতি নির্ণায়ক কার্যক্রম পরিচালনা;
- বাংলাদেশে সমন্বিত বালাই ব্যবস্থাপনা এর উন্নতি সাধন এবং নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা;

- উদ্ভিদ স্বাস্থ্যসুরক্ষা বাংলাদেশ পক্ষভুক্ত বা স্বাক্ষরকারী এমন আন্তর্জাতিক চুক্তি, প্রটোকল, কনভেনশন ইত্যাদি অনুসরণ এবং বাস্তবায়ন কার্যক্রম পরিচালনা এবং উদ্ভিদ জীববৈচিত্র্য সংরক্ষণ কার্যক্রম অনুসরণ, পরিচালনা ও সমন্বয় করা;
- জেনেটিক্যালি মডিফাইড অর্গানিজমস (GMO), লিভিং মডিফাইড অর্গানিজমস (LMO) এবং এলিয়েন ইনভেসিভ স্পেসিস এর ট্রান্সবাউন্ডারী মুভমেন্টস এবং এদের অনুপ্রবেশ ঝুঁকি বিশ্লেষণ এবং নিয়ন্ত্রণ করা;
- বাংলাদেশে বিদ্যমান উদ্ভিদ সংগনিরোধ সম্পর্কিত বালাই এর উপর জরিপ, নজরদারী (surveillance) ও উদ্ভিদ সংগনিরোধ গবেষণা কার্যক্রম পরিচালনা;
- বাংলাদেশের ভিতরে উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্যাদির বালাই সম্বন্ধীয় তথ্যাদি, এদের আক্রমণ বা সংক্রমণ প্রতিরোধ পদ্ধতি ও এর নিয়ন্ত্রণ এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে তথ্যাদি সংরক্ষণ;
- এই আইনের অধীনে কোন অপরাধ সংঘটিত হয়েছে বা হচ্ছে বা হবার উপক্রম হয়েছে বা আমদানী অনুমতিপত্র বা উদ্ভিদস্বাস্থ্য সনদপত্রের শর্তাবলী লঙ্ঘিত হচ্ছে বলে বিশ্বাস করার যুক্তিসংগত কারণ থাকলে নিমণরূপ ব্যবস্থা গ্রহণ। যথাঃ-
- সংশ্লিষ্ট ব্যক্তির নিকট রক্ষিত রেজিস্টার অথবা রেকর্ড হইতে সার-সংক্ষেপ সংগ্রহ এবং অপরাধ প্রমাণের ক্ষেত্রে যে সকল রেজিস্টার প্রয়োজনীয়, তা নির্দিষ্ট সময় পর্যন্ত আটক ও স্বীয় তত্ত্বাবধানে সংরক্ষণ করা;
- বাংলাদেশে প্রবেশ অথবা বাংলাদেশ হতে প্রস্থানের সময় যে কোন ব্যক্তিরদেহ তল্লাশি অথবা ব্যক্তির সাথে বহনকৃত অন্য কোন বস্তু মালপত্র ও যানবহন তল্লাশি, পরীক্ষা-নিরীক্ষা ও আটক করা;
- নির্দিষ্ট সময়ের জন্য কোন উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্য বিতরণ, বিক্রয় বা ব্যবহার নিষিদ্ধ করা;
- উদ্ভিদ সংগনিরোধ গবেষণাগার রক্ষনাবেক্ষণ ও উন্নয়ন;
- সরকার কর্তৃক অর্পিত অন্য যে কোন দায়িত্ব পালন।

প্রশিক্ষণ উইং

প্রশিক্ষণ উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের একটি অন্যতম গুরুত্বপূর্ণ উইং। একজন পরিচালক এ উইং এর দায়িত্বে আছেন । ডিএই’র কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য দেশে/বিদেশে চাকুরীকালীন প্রশিক্ষণ, কর্মশালা ও শিক্ষা সফরের ব্যবস্থা গ্রহণ করা এ উইং এর দায়িত্ব। তাছাড়া এ উইং ডিএই’ র বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ণ করে থাকে এবং তা ১৮ টি কৃষি প্রশিক্ষণ ইনষ্টিটিউট ও জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি’ র মাধ্যমে বাস্তবায়ন করে। বর্তমানে ১৮ টি এটিআইতে ৪ বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা কোর্স পরিচালিত হচ্ছে।

প্রশিক্ষণ উইং এর প্রধান দায়িত্বগুলোঃ

- কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল স্তরের কর্মচারীগণের প্রশিক্ষণ চাহিদা নিরুপণ, প্রশিক্ষণসূচি উন্নয়ন ও বাস্তবায়ন করা;
- ডিএই এর জন্য প্রশিক্ষণ নীতি প্রণয়নের কাজ তত্ত্বাবধান করা;
- প্রশিক্ষণ চাহিদা, অন্যান্য উইং এর প্রয়োজনীয়তা এবং ডিএই এর নীতিমালার আলোকে দেশাভ্যন্তর ও বৈদেশিক প্রশিক্ষণসহ সকল বিভাগীয় চাকুরীকালীন প্রশিক্ষণের মাস্টার ট্রেনিং প্লান তৈরির কাজ সমন্বয় করা;
- মাস্টার ট্রেনিং প্লানের বাস্তবায়ন ও মূল্যায়ন তদারকি করা, প্রয়োজনবোধে পাঠ্যক্রম উন্নয়ন ও প্রস্তুত করা, শিক্ষা সামগ্রীর পরিকল্পনা ও ব্যবহার তদারক করা;
- ফসলভিত্তিক ও বিভিন্ন পর্যায়ের (বড়, মাঝারী, ক্ষুদ্র, প্রান্তিক) কৃষকদের জন্য সময়োপযোগী প্রশিক্ষণের বার্ষিক প্লান তৈরি ও তদারকির ব্যবস্থা করা;
- জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি এবং ১৮ টি কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের সার্বিক পরিচালনা তদারক করা এবং এগুলোর কর্মসূচিসমূহ যেন ডিএই ও অন্যান্য সংস্থার প্রশিক্ষণ চাহিদা পুরণ করে তা নিশ্চিত করা।

পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং

একজন পরিচালক উইং এর দায়িত্বে আছেন। ডিএই’ র সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, প্রকল্প প্রণয়ন, বিভাগীয় পর্যায়ে মনিটরিং ও মূল্যায়ন করা সহ কৃষি মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন ও বহিঃসম্পদ বিভাগ এর সাথে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করা এ উইং এর কাজ।

এ উইং এর প্রধান দায়িত্বগুলো হলোঃ

◉ ডিএই কর্তৃক নির্ধারিত নীতি ও কৌশলগত উদ্দেশ্যাবলীর সাথে সামঞ্জস্যতা নিশ্চিত করে অধিদপ্তরের জন্য একটি বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের কাজ তত্ত্বাবধান করা;

◉ নতুন প্রকল্প ও নীতি নির্ধারণের জন্য পরিকল্পনা প্রণয়ন করা ;

◉ ডিএই এর নীতি ও কৌশলগত উদ্দেশ্যাবলীর সাথে সামঞ্জস্য রেখে প্রকল্প চিহ্নিতকরণ নিশ্চিত করতে ডিএই এর পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করা;

◉ নতুন কৃষি সম্প্রসারণ নীতি এবং অধিদপ্তরের সম্প্রসারণ কর্মধারার সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্পসমূহে সহায়তা লাভের জন্য ইপিআইসিসি (EPICC) এর “ডোনার কন্সালটেটিভ সাবকমিটির’ ’ মাধামে দাতা সংস্থাগুলোর সাথে কাজ করা;

◉ **প্রকল্পসমূহের প্রশাসনিক কাজ সম্পন্ন করা;**

- প্রকল্প পরিচালকগণের সহযোগিতায় প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শনসহ প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের কাজ তদারক ও সমন্বয় করা;
- থানা, জেলা ও আঞ্চলিক কর্মকর্তাগণ কর্তৃক পেশকৃত পরিবীক্ষণ উপাত্ত বিশ্লেষণ করা;
- বার্ষিক উন্নয়ন প্রকল্প এবং নতুন প্রকল্প প্রস্তাবনা সম্পর্কে কৃষি মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন ও বহিঃসর্ম্পদ বিভাগ দৈনন্দিন যে বিষয়গুলো জানতে চায় সেগুলোর উত্তর প্রদান করা, ডিএই এর প্রকল্প পর্যালোচনার মাসিক সভায় যোগদান করা এবং মন্ত্রণালয় পর্যায়ে প্রকল্প পর্যালোচনা সভায় ডিএই এর প্রতিনিধিত্ব করা;
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহে পেশ করার জন্য সকল প্রকল্পের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক অগ্রগতি এবং প্রকল্প সমাপ্তি প্রতিবেদন প্রস্তুত করা;
- পরিকল্পনা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট উচ্চ পর্যায়ের সংস্থাগুলোর সাথে যোগসূত্র রক্ষা করা;
- ডিএই এর তথ্য প্রণালী ব্যবস্থাপনা (MIS) পরিচালনার কাজ দেখাশোনা করা এবং সকল এমআইএস (MIS) ও কম্পিউটার সম্পর্কিত কাজের অনুমোদন প্রদান করা;
- কর্ম সম্পাদন লক্ষ্যমাত্রা এবং বর্ণিত কৌশলের বিপরিতে সম্প্রসারণ সেবার কর্ম সম্পাদন, দক্ষতা এবং কার্যকারীতা পরিবীক্ষণ ও মূল্যায়ন পদ্ধতির পরিচালনা ও তত্ত্বাবধান করা।

পরিচালকবৃন্দ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

হালনাগাদ: ২৪.১১.২০২১

ক্রমিক নং	উইং এর নাম	পরিচালকগণের নাম	ব্যক্তিগত মোবাইল নম্বর	ই মেইল এড্রেস
১	প্রশাসন ও অর্থ	কাজী আব্দুল মান্নান	০১৭১৬৫৮৪৪৮৬	dafw@dae.gov.bd
২	সরেজমিন উইং	এ,কে,এম মনিরুল আলম	০১৭১১১৮১৫১৭	dfsw@dae.gov.bd
৩	হর্টিকালচার উইং	দিলরুবা আখতার	০১৭১৬৫৪৪৩৩৭	qghani@gmail.com
৪	উদ্ভিদ সংরক্ষণ উইং	ডঃ মোঃ আবু সাইদ মিঞা	০১৭১২০২৪৬২৩	dppw@dae.gov.bd
৫	উদ্ভিদ সংগনিরোধ উইং	নিরুত্তম কুমার সরকার	০১৭১৫০৮৩১০৯	dpqw@dae.gov.bd
৬	প্রশিক্ষণ উইং	জি এম এ গফুর	০১৭১২২৯৫৫১২	twdae@hotmail.com
৭	ক্রপস উইং	খন্দকার আব্দুল ওয়াহেদ	০১৭১২৫৩১৬৯০	cropswing@gmail.com
৮	পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং	মোঃ আনোয়ার হোসেন	০১৭১২১১০৯৪৯	dppiw@dae.gov.bd

১৪টি অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়গণের যোগাযোগের তথ্যাবলী, তাং ০২.০৩.২০২১ খ্রি

ক্রমিক সংখ্যা	অঞ্চলের নাম	অতিরিক্ত পরিচালক গণের নাম	অফিসিয়াল টেলিফোন	ব্যক্তিগত মোবাইল	ই-মেইল আইডি
১	ঢাকা	বশির আহম্মদ সরকার	৯১১১০৬০	০১৭১২২১৬৭৯৬	adaedhak@yahoo.com
২	ময়মনসিংহ	মোঃ আব্দুল মাজেদ	৯১৬৬৮৬২	০১৯১৩৮৭৫১২৯	addaemymen@gmail.com
৩	কুমিল্লা	মোঃ আমিনুল ইসলাম	৮১৭৬২৮৩	০১৭১২০৫৪২৪৮	addaecomilla@yahoo.com
৪	সিলেট	দিলীপ কুমার অধিকারী	৮২১৭২৩৮৭৫	০১৭১৫৪৩০৬৫৭	adaesylhet@gmail.com
৫	চট্টগ্রাম	মোঃ মঞ্জুরুল হুদা	৩১২৫২১৫০৬	০১৭৩৬১১০৮০৪	addaecrc@gmail.com
৬	রাঙ্গামাটি	জনাব কৃজ্ঞ প্রসাদ মল্লিক	৩৫১৬৩১৮৭	০১৫৫৬৫১১২৩১	adaerangamati@yahoo.com
৭	রংপুর	খন্দকার আব্দুল ওয়াহেদ	৫২১৬২১৭৬	০১৭১২৫৩১৬৯০	adaerang@gmail.com
৮	রাজশাহী	মোঃ সিরাজুল ইসলাম	৭২১৭৬১৪৪৮	০১৭১২২৭৪৮৯১	adrajshahi@yahoo.com adrajshahi6@gmail.com
৯	বগুড়া	মোঃ্ইফসুফ রানা মন্ডল	৫১৬৯৪০৭	০১৭১২২০২৭৪৯	addaebogra@gmail.com
১০	দিনাজপুর	কৃষিবিদ সুধেন্দ্র নাথ রায়	৫৩১৬৬৭৮৯	০১৭১২২১০৬৩৬	addaedin@gmail.com
১১	খুলনা	মোঃ ফজলুল হক	৪১৭৭৪১৪৮	০১৭২৮২৫১৮৩৬	addldaekhulna@gmail.com
১২	যশোর	মোঃ জাহিদুল আমিন	৪২১৬৮৬২২৯	০১৭১১১১১৭৬০৮	addaejessore@yahoo.com
১৩	ফরিদপুর	মনোজিত কুমার মল্লিক	৬৩১৬৪০১৫	০১৭১৫৩১৭০৩০	addaefaridpur@gmail.com
১৪	বরিশাল	মো: আফতাব উদ্দিন	৪৩১৬৪৩৪১	০১৭১৮৬২৪২২৯	addae.barisal@gmail.com

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলাসমূহের মোবাইল নম্বর ও ই-মেইল

হালনাগাদঃ ০৪.০১.২০২২

ক্র.নং	জেলার নাম	উপপরিচালকগণের নাম	ফোন নম্বর	মোবাইল নম্বর	ই-মেইল
১	ঢাকা	ড. কে জে এম আব্দুল আওয়াল	৯১১১২১০	০১৭১১১৯২৮০৬	ddaedhaka@gmail.com
২	নারায়ণগঞ্জ		৭৬৩৪৬৬৭		dddaenarayanganj@yahoo.com
৩	গাজীপুর	মো: সাইফুল ইসলাম	৯২৬৩০৩৫	০১৭১২৪১৯৮৩৭	ddae.gazipur@gmail.com
৪	নরসিংদী	ড. মো. ছাইদুর রহমান	৯৪৬২৬৮৭	০১৫৫২৪৯৫৫৬৪	dddaensd@gmail.com
৫	মুন্সীগঞ্জ	মোঃ খুরশিদ আলম	৭৬১২১০৫	০১৭১৫৩৬৭৯২৭	ddaemunshiganj@gmail.com
৬	মানিকগঞ্জ	আবু মোঃ এনায়েত উল্লাহ	৭৭১০৩০১	০১৭১১৯৮৫৪৯৯	daemanikgonj@gmail.com
৭	টাঙ্গাইল	মোঃ আহসানুল বাসার	৯২১৬৪৩৪৫	০১৭১১১৯৩৩৮৪	ddaetangail@yahoo.com
৮	কিশোরগঞ্জ	মোঃ সাইফুল আলম	৯৪১৬১৯৫০	০১৭১১২০৮৮৪৩	ddaekis2300@gmail.com
৯	ময়মনসিংহ	মোঃ মতিউজ্জামান	০৯১-৬৬১৫৮	০১৭১২২২৮৮২৬	ddaemymensingh@gmail.com
১০	জামালপুর	নিতাই চন্দ্র বণিক	৯৮১৬৬৩৪৪	০১৭১২২৫২০১১	ddagrijamalpur@gmail.com
১১	শেরপুর	ড. মোহিত কুমার দে	৯৩১৬১৪৭০	০১৭১৬৪৭৭৫৪৯	ddaesherpur@gmail.com
১২	নেত্রকোনা	এফ এম মোবারক আলী	৯৫১৬১৪০৩	০১৭৩১৮২৭৮২৪	dddaenetrokona@gmail.com
১৩	কুমিল্লা	মোঃ মিজানুর রহমান	০৮১-৭৬৯৪৭	০১৭২২৩৪৩৪০০	ddcomilladae@gmail.com
১৪	চাঁদপুর	মোঃ জালাল উদ্দিন	০৮৪১-৬৩১০৬	০১৭১২৪২৭২৬২	ddaechandpur@gmail.com
১৫	ব্রাহ্মণবাড়িয়া	মো. রবিউল হক মজুমদার	০৮৫১-৬১৫৩৪	০১৭১২৭১৭৫২৬	ddaebbaria@yahoo.com
১৬	সিলেট	জনাব মোঃ সালাহ্ উদ্দিন	০৮২১-৭১৬৩৩২	০১৭১৬-৩৯৩৯২১	ddaesylhet@gmail.com
১৭	মৌলভীবাজার	জনাব কাজী লুৎফুল বারী	০৮৬১-৬৩৭৫০	০১৭১২-২৪৯৬৮১	ddaemoulvibazar.gov.bd@gmail.com
১৮	হবিগঞ্জ	মোঃ তমিজ উদ্দিন খান	০৮৩১-৫৪৪৪৫	০১৭২৬-৯০৫৬৫০	ddaehabiganj@gmail.com
১৯	সুনামগঞ্জ	বিমল চন্দ্র সোম	০৮৭১-৬৩৪২৩	০১৭১৬৮৯২০৯৩	dddaesunamganj@gmail.com
২০	চট্টগ্রাম	মো:আখতারুজ্জামান	৩১৭২০৮৫১	০১৭৩১৫৮৯৬৭৭	ddctg2015@gmail.com
২১	কক্সবাজার	ড. মোঃ এখলাস উদ্দিন	৩৪১৬৩২৮৭	০১৭১৬২৫৭৩৫৪	deputy_ag@yahoo.com
২২	নোয়াখালী	মোঃ শহিদুল হক	৩২১৬১৩১১	০১৮১৭০৮৭১৯৯	pddaenoakhali@gmail.com
২৩	ফেনী	তারিক মাহমুদুল ইসলাম	৩৩১৭৩৪৬২	০১৭১৮১১৪৪৮০	ddaefeni@yahoo.com
২৪	লক্ষীপুর	মো. জাকির হোসেন	৩৮১৬২৩৭৪	০১৭১২০০০২৮৩	daelakshmipur@gmail.com
২৫	রাঙ্গামাটি	তপন কুমার পাল	০৩৫১-৬২৩২৪	০১৫৫৬৫০৮৮০৭	ddaerangamati@gmail.com
২৬	খাগড়াছড়ি	ড. মো. শফিউদ্দিন আহমেদ	০৩৭১-	০১৮৬৬২৬১৪৩১	daekhagrachari2013@gmail.com

			৬১৮৭২		
২৭	বান্দরবান	রফিকুল ইসলাম	০৩৬১-৬২৩১৮	০১৭৬৪৬৬০৩৭৬	ddbandarban.gov@gmail.com
২৮	রাজশাহী	মো: মোজদার হোসেন	০৭২১-৭৬১৫০৩	০১৭১১৪৫৭৭৯৭	ddrajshahi@yahoo.com
২৯	নওগাঁ	মোঃ শামসুল ওয়াদুদ	০৭৪১-৬২৫৪১	০১৭৪৯৬০০০০৯	ddnaogaon@gmail.com
৩০	নাটোর	মো. মাহমুদুল ফারুখ	০৭৭১-৬৬৬৭২	০১৭১২২৪৩৭৪০	ddnatore@yahoo.com
৩১	চাঁপাইনবাবগঞ্জ	মুহম্মদ নজরুল ইসলাম	০৭৮১-৫২০৩৪	০১৭১২-৬২৮২৮২	ddaechapai@gmail.com
৩২	বগুড়া	মোঃ দুলাল হোসেন	০৫১-৬৬১০২	০১৭১৮০০১৩৯৬	dddaebogra@gmail.com
৩৩	জয়পুরহাট	মোঃ শফিকুল ইসলাম	০৫৭১-৬২২৬৩	০১৭১১৯৪১১০৪	ddaejoy511@gmail.com
৩৪	পাবনা	মোঃ মিজানুর রহমান	০৭৩১-৬৫৩০৫	০১৮১৭-০৭৪২৬৭	khamarbaripbn@gmail.com
৩৫	সিরাজগঞ্জ	মো:আবু হানিফ	০৭৫১-৬২৪১৮	০১৭৭৬৫১৬৫২২	dddaesirajgonj.0751@gmail.com
৩৬	রংপুর	মোঃ ওবায়দুর রহমান	০৫২১-৬২৯১৫	০১৭১২০৩৪২০১	dae.rangpur@gmail.com
৩৭	গাইবান্ধা	মো. বেলাল উদ্দিন	০৫৪১-৫২২২৩	০১৭১০৯০৬৩৮৩	ddaegaibandha@gmail.com
৩৮	কুড়িগ্রাম	মোঃ আব্দুর রশীদ	০৫৮১-৬১৫৫৭	০১৭১২২১৪৬১৪	ddagrikuri@yahoo.com
৩৯	লালমনিরহাট	মো: শামীম আশরাফ	০৫৯১-৬১৫০৮	০১৭১৬৮৭৭৯১৬	ddaelalmonirhat@yahoo.com
৪০	নীলফামারী	ঁমো:আবু বকর সিদ্দিক	০৫৫১-৬১৩০৮	০১৭১৯৭১০৫৯৬	dae.nilphamari@gmail.com
৪১	দিনাজপুর	মো: মন্জুরুল হক	৫৩১৬৫৪২৭	০১৭১১২২৪২৮০	dddaedin@gmail.com
৪২	ঠাকুরগাঁ	মোঃ আবু হোসেন	৫৬১৫৩৬৩৯	০১৯২৩৩৩৮৪৪১	dddaethakurgaon@gmail.com
৪৩	পঞ্চগড়	মোঃ শামীম (ভারপ্রাপ্ত)	৫৬৮৬১৩৯৪	০১৭১৬৪৮২৭১০	dddaepanchagarh15@gmail.com
৪৪	যশোর	বাদল চন্দ্র বিশ্বাস	০৪২১-৬৮৮৬০	০১৭১৮০১৯৬০৫	daejessore@gmail.com
৪৫	মাগুরা	ড. হায়াত মাহমুদ	০৪৮৮-৬২৬১৭	০১৭২৭১৮২৬১৫	ddaemagura@gmail.com
৪৬	ঝিনাইদহ	মোঃ আজগর আলী	০৪৫১-৬২৩৭৬	০১৭১২০৫০৯৬৯	ddaejhenidah@gmail.com
৪৭	কুষ্টিয়া	সুশান্ত কুমার প্রামাণিক	০৭১-৬১৯৬৫	০১৭১৭২০২১৬০	ddaekushtia@gmail.com
৪৮	চুয়াডাঙ্গা	ড. মো. আব্দুল মাজেদ	০৭৬১-৬৩১৯৩	০১৮১৪৮৪৯১৯০	dddaechuadanga@gmail.com

৪৯	মেহেরপুর	স্বপন কুমার খাঁ	০৭৯১-৬২৩৮৫	০১৭১৪৫৪৪৭৫৫	ddae.meherpur@gmail.com
৫০	খুলনা	মোঃ হাফিজুর রহমান	২৪৪১১১৪৮৬	০১৭১৬১৮১২৮৪	ddaekln@yahoo.com daekhulna@gmail.com
৫১	বাগেরহাট	জনাব মোতাহের হোসেন	০৪৬৮-৬২২৬৯		dddaebagerhat@yahoo.com
৫২	সাতক্ষীরা	মোঃ নূরুল ইসলাম	০৪৭১-৬২০৩০	০১৭১৬৬৭১০৮০	dddaesatkhira7@yahoo.com dddaesatkhira71@gmail.com
৫৩	নড়াইল	দীপক কুমার রায়	০৪৮১-৬২৪২৩	০১৭১৫০০১০৪৭	ddnarail@gmail.com
৫৪	বরিশাল	মো. হারুনুর রশিদ	৪৩১৬৪০৩৯	০১৭১২২২০৩৪৯	ddaebarisal@gmail.com
৫৫	পিরোজপুর	ড.মোহাম্মদ নজরুল ইসলাম শিকদার	০৪৬১-৬২৩৪৭	০১৭১৫৭৮৮৬১০	dddae.pirojpur@gmail.com
৫৬	ঝালকাঠী	মো: মনিরুল ইসলাম	০৪৯৮-৬৩৪২৪	০১৭১৫১১৪৯৫১	ddaejkt@yahoo.com
৫৭	পটুয়াখালী	এ,কে, এম, মহিউদ্দিন	০৪৪১-৬২৪৪৩	০১৭১২৬৩২০৭৯	dddaeptk@gmail.com
৫৮	বরগুনা	আবু সৈয়দ মোঃ জোবায়দুল আলম	০৪৪৮-৬২৪৬৯	০১৭১২৬০৩২৪৮	dddaebarguna@gmail.com
৫৯	ভোলা	মোঃ হাসান উয়ারিসুল কবীর	৪৯১৬১৩৪২	০১৭১১৪৫০৬৬৮	ddaebhola@gmail.com
৬০	ফরিদপুর	ড. মো. হজরত আলী	৬৩১৬২৫৪৮	০১৭১৬৯৮০৮২৪	faridpurdaedd@gmail.com
৬১	রাজবাড়ী	এসএম সহীদ নূর আকন্দ	৬৪১৬৫৪০২	০১৭৭৩৯৮৫০৮৯	dd.daerajbari.8200@gmail.com
৬২	গোপালগঞ্জ	ড. অরবিন্দু কুমার রায়	২৬৬৮৫৩২৮	০১৭২০৬৩৮৪০৫	ddaegopal@gmail.com
৬৩	মাদারীপুর	মোঃ মোয়াজ্জেম হোসেন	৬৬১৬১৫৬১	০১৭১২৭৭০০৫৫	dddaemdp@yahoo.com
৬৪	শরীয়তপুর	মো. আব্দুস সাত্তার	৬০১৬১৪১৯	০১৭১১৯৩৬৪৮০	dddae.shariatpur@gmail.com

তথ্য অিধিকার আইন, ২০০৯ অনুযায়ী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্যের ক্যাটালগ

ক্র:নং	প্রকাশযোগ্য তথ্যের বিষয়	তথ্যের শ্রেণি
১	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আইন ও বিধিমালা সংক্রান্ত	ক শ্রেণি
২	কর্মকর্তাদের বদলি/পদায়ন, শ্রান্তি বিনোদন ছুটি, বিভিন্ন সভা/সেমিনার/কমিটিকে কর্মকর্তা মনোনয়ন, কর্মকন্টন, কেপিআই প্রশিক্ষণ সংক্রান্ত।	গ শ্রেণি
৩	দাপ্তরিক টেলিফোন বরাদ্দ	খ শ্রেণি
৪	বিবিধ যোগাযোগ	ঘ শ্রেণি
৫	বার্ষিক ক্রয় পরিকল্পনা	গ শ্রেণি
৬	সভার নোটিশ	ঘ শ্রেণি
৭	মেলা ও প্রদর্শনী	খ শ্রেণি
৮	কৃষি প্রণোদনা/পুনর্বাসন কর্মসুচি বাস্তবায়নের লক্ষ্যে অর্থ ছাড়	গ শ্রেণি
৯	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত।	ঘ শ্রেণি
১০	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত।	ঘ শ্রেণি
১১	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অফিসার/ কর্মচারীদের নিয়োগবিধিমালা/পদোন্নতি	খ শ্রেণি
১২	বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অফিসার/নন ক্যাডার অফিসার/ কর্মচারীদের বদলি/পদায়ন।	গ শ্রেণি
১৩	বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অফিসার/নন ক্যাডার অফিসার/ কর্মচারীদের অর্জিত ছুটি/ বহি: বাংলাদেশ ছুটি/ শ্রান্তি বিনোদন ছুটি	গ শ্রেণি
১৪	শিক্ষা ছুটি/ প্রেষণ/ লিয়েন ছুটি মঞ্জুর	গ শ্রেণি
১৫	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অফিসার/ কর্মচারীদের ভবিষ্যৎ তহবিল অগ্রিম ঋণ মঞ্জুর/চূড়ান্ত উত্তোলন	গ শ্রেণি
১৬	বিশ্ব মৃত্তিকা দিবস, জাতীয় সবজি মেলা, জাতীয় মৌ মেলা, জাতীয় কৃষি যন্ত্রপাতি মেলা অয়োজন সংক্রান্ত কার্যবলী, বিশ্ব খাদ্য দিবস	খ শ্রেণি
১৭	সমন্বয় সভার কার্যক্রম	গ শ্রেণি
১৮	বৈদেশিক প্রশিক্ষণে প্রার্থী প্রেরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম	গ শ্রেণি
১৯	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ/ইন-হাউজ প্রশিক্ষণ সকল কার্যক্রম	গ শ্রেণি
২০	বিভিন্ন অধিদপ্তর/বিভাগ কর্তৃক গঠিত কমিটিতে সদস্য হিসাবে ওবিভিন্ন সভা/ সেমিনার/কর্মশালা/ সিম্পোজিয়াম ইত্যাদিতে মন্ত্রণালয়ের প্রতিনিধি মনোনয়ন	গ শ্রেণি
২১	দেশের অভ্যন্তরে পিএইচডি সংক্রান্ত সকল কর্যাক্রম	গ শ্রেণি
২২	তথ্য অধিকার আইণ-২০০৯ এর সকল কর্যাক্রম	খ শ্রেণি
২৩	এপিএ এর নির্দেশনা অনুযায়ী সকল প্রশিক্ষণ, সেমিনার/ কর্মশালা/ সিম্পোজিয়াম সংক্রান্ত কার্যক্রম	গ শ্রেণি